দৈনিক জনকণ্ঠ

৭

তারিখ 08 APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# ময়মনসিংহ বাণিজ্যিক মহাবিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নেই

ময়মনসিংহ, ৭ মে (সংবাদদাতা) ।- শ্রেণীকক্ষের স্বল্পতা, শিক্ষা উপকরণের অভাব, শিক্ষক সঙ্কটসহ নানাবিধ সমস্যার কারণে জেলার একমাত্র সরকারী বাণিজ্যিক মহাবিদ্যালয়ে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি এবং ছাত্রছাত্রীদের পাঠ গ্রহণের সুবিধার কথা বিবেচনা করে পলিটেকনিক ইনস্টিটিউটের অধীন থেকে আলাদা হয়ে ১৯৮৪ সালে শহরের বাউন্ডারি রোডের একটি দোতলা বাসা ভাড়া করে এ প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করেছিল।

জেলার একমাত্র বাণিজ্যিক কলেজ হিসাবে কলেজটি বিশেষ গুরুত্বপূর্ণ। ইন্টারমিডিয়েটের সমপর্যায়ের এ কলেজটিতে হিসাববিজ্ঞানসহ ইংরেজী ও বাংলা সচিব বিজ্ঞান বিষয়ে শিক্ষা দেয়া হয়। শিক্ষক স্বল্পতার কারণে নির্দিষ্ট সময়ে কোর্স সম্পন্ন করা খুব কঠিন হয়ে পড়ে। কলেজটিতে ১২ জন শিক্ষকের প্রয়োজন থাকলেও বর্তমানে মাত্র ৬ জন শিক্ষক দায়িত্বরত রয়েছেন। বিধি অনুযায়ী কলেজের সর্বমোট ছাত্রছাত্রী সংখ্যা ২২০ জন থাকার কথা থাকলেও বর্তমান ছাত্রছাত্রী সংখ্যা ৪০০ জন। বিভিন্ন মহলের চাপে অনেকটা বাধ্য হয়েই এই অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি করতে হয় কর্তৃপক্ষকে। এমনিতে শ্রেণীকক্ষের সমস্যা প্রকট, তার ওপর এই বাড়তি ছাত্রছাত্রীদের কারণে শ্রেণীকক্ষগুলোতে এক অসহনীয় পরিবেশের সৃষ্টি হয়। শিক্ষকদের পক্ষেও ক্লাস পরিচালনা অসম্ভব ব্যাপার হয়ে পড়ে। এ ছাড়াও কক্ষগুলোতে চেয়ার, টেবিল, বেঞ্চ— এ সবের সঙ্কট তো রয়েছেই।

ছাত্র ছাত্রীদের কোন কমনরুম নেই, নেই কোন লাইব্রেরী। আবাসিক সুবিধাও নেই। শৌচাগারের ব্যবস্থাও অপর্যাপ্ত। পানি খাওয়ার জন্য কলেজটিতে একটি টিউবওয়েল পর্যন্ত নেই। এই সমস্ত সমস্যার মূল কারণ হলো কলেজের স্থায়ী ক্যাম্পাস না থাকা। বর্তমান সরকারের অনেক কর্তাব্যক্তিই কলেজ পরিদর্শনে এসে এ সব অব্যবস্থা দেখে অসন্তোষ প্রকাশ করে সমস্যা সমাধানে অঙ্গীকার করে গেছেন। কিন্তু পরবর্তীতে তা আর বাস্তবে রূপ লাভ করেনি।